

আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে ১ এপ্রিল থেকে ৬ মে পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। আগামী ১ এপ্রিল শুরু হবে এই পরীক্ষা। গতকাল সোমবার এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে আইন-শৃঙ্খলাসংক্রান্ত বিষয়ে বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এই ঘোষণা দেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘দেশে নানা ধরনের কোচিং সেন্টার আছে। শুধু যে স্তরের পরীক্ষা হচ্ছে সে স্তরের কোচিং সেন্টারই বন্ধ রাখলে চলত। কিন্তু দেখা যায়, নিষেধ করা সত্ত্বেও কিছু কোচিং সেন্টার নানাভাবে খোলা রাখা হয়। তাই বাধ্য হয়ে আমরা সব কোচিংই বন্ধ ঘোষণা করছি। কিন্তু এতে এইচএসসি ছাড়া অন্য স্তরের শিক্ষার্থীদের সমস্যা হতে পারে, সেটা আমরা জানি। ভবিষ্যতে আমরা আরো ভালো কোনো ব্যবস্থা নেওয়ার কথা ভাবছি, যাতে এক স্তরের পরীক্ষার সময় অন্যদের সমস্যায় পড়তে না হয়।’

তবে সম্পত্তি শেষ হওয়া এসএসসি পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র নিয়ে তালগোল পাকিয়ে ফেলা হয়েছিল। এতে অনেক জায়গায় পরীক্ষা শুরু হতেও দেরি হয়। তাই এবারের এইচএসসি পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ভিন্ন ডিজিটের রোল নম্বর দেওয়া হয়েছে। তাদের জন্য আলাদা কক্ষ, আসনবিন্যাস ও পৃথক প্রশ্ন প্রণয়ন করা হয়েছে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবার আটটি সাধারণ বোর্ডসহ ১০টি বোর্ডের অধীনে মোট ১৩ লাখ ৫১ হাজার ৩০৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। দেশের ৯ হাজার ৮১টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা দুই হাজার ৫৮০ কেন্দ্রে এই পরীক্ষায় অংশ নেবে।

শিক্ষামন্ত্রী জানান, আগের মতোই এবারও পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে শিক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে। শুধু কেন্দ্রসচিব একটি সাধারণ ফোন ব্যবহার করতে পারবেন। পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে সেট কোড কেন্দ্রে জানানো হবে। এরপর প্রশ্নপত্রের প্যাকেট খোলা হবে। আর অনিবার্য কারণে পরীক্ষা শুরু হতে দেরি হলেও শিক্ষার্থীদের প্রশ্নে উল্লেখ করা সময় দিতে হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলাক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com